তারিখ ... 25 JAN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

দৈনিক বাংলা

13

# ঢাকা কলেজে বোমাবাজি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

বোমাবাজি এবং হাঙ্গামার কারণে গতকাল ঢাকা কলেজে দ্বাদশ শ্রেণীর টেষ্ট পরীক্ষা হতে পারেনি।

গতকাল সকাল দশটায় পরীক্ষা শুরুর আগে কলেজ প্রাঙ্গণে বোমাবাজি শুরু হয়। এ সময় আতংকগ্রস্ত ছাত্রদের মধ্যে দৌড়াদৌড়ি, হুড়োহুড়ি শুরু হয়ে যায়। উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

# আজ মেডিক্যালে ভর্তি

(প্রথম পৃঃ পর)

ফলের ওপর ভিত্তি করে মেডিক্যাল ও ডেন্টাল কলেজসমূহে প্রথম বর্ষ ক্লাসে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

মেডিক্যাল শিক্ষা ও জনশক্তি উন্নয়ন-এর পরিচালক অধ্যাপক হাবিবুর রহমান আনসারী জানিয়েছেন, এ বছর ভর্তি পরীক্ষায় বিভিন্ন ধরনের প্রশ্ন থাকবে ১৫০টি। পরীক্ষার সময় দু' ঘন্টা এবং সঠিক উত্তরের ক্রমঃ অনুযায়ী মেধাভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

তিনি বলেন, মোট ১২৯০টি আসনের মধ্যে আটটি মেডিক্যাল কলেজে ১২০০ এবং তিনটি ডেন্টাল কলেজে ৯০টি আসন রয়েছে। মেডিক্যাল কলেজসমূহের ১২০০ আসনের মধ্যে লিখিত পরীক্ষার সঠিক উত্তরের ক্রমঃ অনুযায়ী জাতীয় মেধাভিত্তিতে ৮০০টি আসন এবং বাকী ৪০০টি আসনে জেলা কোঠা অনুসারে মেধাভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। উপজাতীয়দের জন্য কিছু আসন সংরক্ষিত থাকবে যা ১২০০ আসনের অতিরিক্ত। তাছাড়া ঢাকা মেডিক্যাল ও স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ ব্যতীত বাকী ৬টি মেডিক্যাল কলেজে ৫০ জন বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

মোট ১০ হাজার ৫৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজে ৪ হাজার ৮৬০, স্যার সলিমুল্লাহ মেডিক্যালে ১৫৯১, চট্টগ্রাম মেডিক্যালে ১২৬১, ময়মনসিংহ মেডিক্যালে ৬৪৯, শেরে বাংলা মেডিক্যালে ২৮৮, এমএজি ওসমানী মেডিক্যালে (সিলেট) ১৭৯, রংপুর মেডিক্যালে ৫৪৩, রাজশাহী মেডিক্যালে ১০৩৩ এবং ঢাকা ডেন্টাল কলেজে ৩৪৪ জন ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন। চূড়ান্ত বাছাইয়ে বাদ পড়েছেন ১৭১ জন ছাত্র-ছাত্রী। পরীক্ষা শুরু হবে সকাল ৯টায়।